সংবাদ

তারিখ 20 JAN 2017
পৃষ্ঠা ৬ কলাম ১

# অষ্টগ্রামের হাওর সর. স্কুলের লেখাপড়া ছাপরা ঘরে

**প্রতিনিধি, অষ্টগ্রাম (কিশোরগঞ্জ)**

অষ্টগ্রাম উপজেলা সদরের হাওর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের আড়াইশ ছাত্রছাত্রীর ক্লাস চলছে একটি ছাপরা ঘরে। গ্রীষ্মে রোদের খরতাপ আর শীতের কনকনে ঠাণ্ডাকে সাথী করে লেখাপড়া করতে হয়। অনেক শিক্ষার্থী ইতোমধ্যে ঠাণ্ডাজনিত নানা রোগে আক্রান্ত হচ্ছে বলে অভিভাবকরা জানিয়েছেন। বিদ্যালয় ও উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, চরম অনিয়মের মধ্য দিয়ে তৈরি করা একটি একতলা বিল্ডিংয়ে ১৯৯৪-৯৫ সনে প্রাক-প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে এ স্কুলটির যাত্রা শুরু হয়।

পরবর্তী সময়ে বিল্ডিংটি পরিত্যক্ত ঘোষণা করা হলে ২০১৩ সালে এর ছাদটি ভেঙে ফেলা হয়। সাময়িক ক্লাস নেয়ার জন্য উপজেলা পরিষদ থেকে একটি একচালা ছাপরা ঘর তৈরি করে দেয়া হয়। এ ঘরে শিক্ষার্থীদের বসার মতো স্থান সঙ্কুলান হয় না। অধিকাংশ সময় শিক্ষার্থীদের বাইরে খোলা আকাশের নিচে ক্লাস করতে দেখা যায়। ফলে রোদ, বৃষ্টি আর শীতের দুর্ভোগ পোহাতে হচ্ছে শিক্ষার্থী এবং শিক্ষকদের। বিদ্যালয়ে বর্তমানে ৪ জন শিক্ষিকা ও আড়াই শতাধিক শিক্ষার্থী রয়েছে। তারা নতুন ভবন নির্মাণের দাবি জানাচ্ছে। শিক্ষার মান ও শিক্ষার্থীদের পরীক্ষার ফলাফল বেশ ভালো বলে জানা গেছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা আছমা রহমান জানান, বিদ্যালয়ের ছেলেমেয়েদের নিয়ে খুবই সমস্যায় আছি। ভবনসহ নানা সমস্যার কারণে এলাকার অভিভাবকরা স্কুলে তাদের সন্তানদের ভর্তি করাতে চান না। আসবাবপত্র এবং অন্যান্য সরঞ্জামেরও তীব্র সঙ্কট রয়েছে। আমরা বার বার আবেদন নিবেদন করেও কোন প্রতিকার পাচ্ছি না। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা এনামুল হক খান জানান, আমরাও উর্ধতন কর্তৃপক্ষকে বারবার অবহিত করে আসছি, কিন্তু কি কারণে ভবন নিমার্ণ হচ্ছে না, তা জানা নেই।